# সংসদে সম্পত্তি হস্তান্তর নিয়ে ‘কালো আইন’ পাস: গোলাম পরওয়ার



গোলাম পরওয়ার। ছবি: সংগৃহীত

সম্পত্তি হস্তান্তর বিল, ২০২৬ পাসের প্রতিবাদে রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেটে বিক্ষোভ সমাবেশ করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। সোমবার (৭ সেপ্টেম্বর) বিকেলে আয়োজিত সমাবেশে প্রধান অতিথির বক্তব্য দেন দলটির সেক্রেটারি জেনারেল মিয়া গোলাম পরওয়ার।

তিনি বলেন, বিরোধী দলের তীব্র আপত্তির মধ্যেও সংসদে সম্পত্তি হস্তান্তর সংশোধন আইন পাস করা হয়েছে। আইনটিকে কোরআন-সুন্নাহবিরোধী ও ‘কালো আইন’ আখ্যা দিয়ে তিনি বলেন, এ ঘটনার প্রতিবাদে দলের পীর, বুজুর্গ, নেতা ও সংসদ সদস্যরা মুখে কালো কাপড় বেঁধে ওয়াকআউট করেছেন।

গোলাম পরওয়ার বলেন, জনগণের বিভিন্ন দাবি নিয়ে জামায়াত দীর্ঘদিন ধরে আন্দোলন করে আসছে। তবে সম্পত্তি হস্তান্তর আইন শুধু রাজনৈতিক বিষয় নয়, মুসলমানদের ধর্মীয় বিশ্বাস ও মূল্যবোধের সঙ্গেও জড়িত। তিনি বলেন, অতীতেও মুসলিম পারিবারিক আইন পরিবর্তনের উদ্যোগের বিরুদ্ধে আলেম সমাজ ও সাধারণ মুসলমানরা আন্দোলন করেছিলেন।

তিনি আরও বলেন, নির্বাচনের আগে ও পরে জনগণকে কোরআন-সুন্নাহবিরোধী কোনো আইন করা হবে না বলে প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। কিন্তু নতুন আইন পাসের মধ্য দিয়ে সরকার সেই প্রতিশ্রুতি থেকে সরে এসেছে। এ আইনের বিরুদ্ধে আন্দোলন এখানেই শেষ হবে না বলেও ঘোষণা দেন তিনি।

আইনটি বাতিলের দাবি জানিয়ে সমাবেশ শেষে বায়তুল মোকাররমের উত্তর গেট থেকে বিক্ষোভ মিছিল বের করেন জামায়াতের নেতাকর্মীরা।